# অভিবাসী স্থানান্তর সহায়তা কর্মসূচি (MRAP) অংশগ্রহণকারীর অধিকার ও দায়িত্বসমূহ

## ভূমিকা

নিউ ইয়র্ক সিটি থেকে নিউ ইয়র্ক স্টেটের অন্য যেসব কাউন্টি স্থানান্তর পরিষেবা প্রদান করতে সম্মত হয়েছে সেগুলোতে স্বেচ্ছামূলক স্থানান্তরের ব্যাপারে MRAP সহায়তা করে থাকে। MRAP-তে অংশগ্রহণ করা স্বেচ্ছামূলক। আপনি স্থানান্তরের ব্যাপারে আগ্রহী হওয়ার বিষয়টি নিশ্চিত করা, ডিপার্টমেন্ট অব হোমলেস সার্ভিসেস (Department of Homeless Services, DHS) অথবা অস্থায়ী ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তর (Office of Temporary and Disability Assistance, OTDA)-এর মনোনীত কোনো পরিষেবা প্রদানকারী কর্তৃক উপযুক্ত বলে বিবেচিত হওয়া, এই কর্মসূচিতে অংশগ্রহণ করতে সম্মত হওয়া এবং একটি সম্মতিপত্রে স্বাক্ষর করার পর আপনাকে MRAP-এর একজন অংশগ্রহণকারী বিবেচনা করা হবে।

আপনার পছন্দের অংশগ্রহণকারী কাউন্টিতে পৌঁছানোর পর আপনাকে একটি কমিউনিটিভিত্তিক সংস্থা, MRAP-এর সেবা প্রদানকারী কর্তৃক MRAP-এ তালিকাভুক্ত করা হবে। MRAP-এর সহায়তা ও পরিষেবাগুলো আপনার ও আপনার পরিবারের জন্য এক বছর পর্যন্ত লভ্য থাকবে। আপনাকে এবং আপনার পরিবারকে স্বনির্ভরতা অর্জন এবং আপনার নতুন কমিউনিটিতে একীভূত হওয়ার সম্ভাব্য সেরা সুযোগ পেতে সাহায্য করার জন্য MRAP সেবা প্রদানকারী উপকরণগত চাহিদা পূরণ করা এবং সহায়তামূলক পরিষেবা সরবরাহ করার মাধ্যমে সহায়তা প্রদান করবে। আপনাকে এবং আপনার পরিবারকেও অবশ্যই সেবা প্রদানকারীদের সঙ্গে সহযোগিতার মাধ্যমে একটি সক্রিয় ভূমিকা পালন করতে হবে। যদি আপনি অথবা আপনার পরিবারের কোনো প্রাপ্তবয়স্ক ব্যক্তি কাজ করার অনুমোদন পান এবং কাজ করতে সক্ষম হন, তাহলে আপনাকে একটি উপযুক্ত চাকরি খুঁজে নিতে সাহায্য করা হবে এবং আপনাকে আপনার পরিবারের ব্যয় বহনে অবদান রাখতে হবে।

MRAP সেবা প্রদানকারী যুক্তরাষ্ট্রের ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটি (United States Department of Homeland Security, USDHS) অথবা এক্সিকিউটিভ অফিস ফর ইমিগ্রেশন রিভিউ (Executive Office for Immigration Review, EOIR)-এর আবেদন ও বিজ্ঞপ্তির ব্যাপারে, এবং USDHS বা EOIR অ্যাপয়েন্টমেন্টের জন্য যাতায়াতের ব্যাপারে সাহায্য করবে। প্রয়োজন হলে, সেবা প্রদানকারী আপনার নতুন কমিউনিটিতে কোনো আইনজীবী বা আইনি সেবা প্রদানকারীর কাছে আপনাকে রেফার করবেন।

পরবর্তী পৃষ্ঠাগুলোতে MRAP-এ অংশগ্রহণকারীদের অধিকার ও দায়িত্বসমূহের রূপরেখা তুলে ধরা হয়েছে। কোনো দায়িত্ব পালনে ব্যর্থ হওয়ার ফলে এই কর্মসূচিতে আপনার অংশগ্রহণ বাতিল হয়ে যেতে পারে।

## MRAP-এ অংশগ্রহণকারীর অধিকারসমূহ

1. আপনি যে কাউন্টিতে স্থানান্তর হচ্ছেন সেই কাউন্টির MRAP সেবা প্রদানকারী অবশ্যই আপনি সেখানে পৌঁছার পর আপনার সঙ্গে সাক্ষাত করবেন এবং অপরিহার্য আসবাবপত্র সহ ভাড়া নেওয়া আবাসন পর্যন্ত পরিবহন সুবিধা প্রদান করবেন, এবং আপনার তাৎক্ষণিক চাহিদাসমূহ যেমন সাংস্কৃতিক দিক থেকে উপযুক্ত, খাওয়ার জন্য প্রস্তুত খাবার; মৌসুমি পোশাক; মেডিকেল সেবা; এবং আর্থিক সহায়তা, ইত্যাদি পূরণ করতে পরিষেবা অথবা অন্যান্য সহায়তার রেফারাল প্রদান করবেন।
2. স্থানান্তর হওয়ার পর, গ্রহণকারী কাউন্টিতে আপনি এক বছর পর্যন্ত নিম্নলিখিত সহায়তা পেতে পারেন, যদি না আপনার পরিষেবার মেয়াদ বর্ধিত করা হয়:
    - আর্থিক সহায়তা
    - উপকরণগত চাহিদা পূরণে সহায়তা যেমন:
        - খাবার ও খাবারের ভাতা
        - প্রয়োজনীয় পোশাক
        - অন্যান্য অপরিহার্য জিনিসপত্র
    - সহায়তামূলক পরিষেবাসমূহ যেমন:
        - সোশ্যাল সিকিউরিটি কার্ডের জন্য আবেদন করার ক্ষেত্রে সহায়তা
        - স্বাস্থ্য পরীক্ষার সুযোগ পাওয়া
        - অন্যান্য প্রয়োজনীয় স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্য পরিষেবা অ্যাক্সেস করা
        - উপযুক্ত সুযোগ-সুবিধা পাওয়া
        - অন্যান্য সামাজিক পরিষেবা
        - ইংরেজি ভাষা শিক্ষা
        - আপনার সন্তানকে স্কুলে নিবন্ধন করা
        - কর্মসংস্থান পরিষেবাসমূহে তালিকাভুক্তি*
        - চাকরির সাক্ষাতকারের জন্য পরিবহন সুবিধা*
        - চাকরির প্রশিক্ষণ*

    ** কর্মসংস্থান পরিষেবাসমূহে তালিকাভুক্তি, চাকরির সাক্ষাতকারের জন্য পরিবহন সুবিধা, এবং চাকরির প্রশিক্ষণ আপনার যুক্তরাষ্ট্রে কাজ করার অনুমোদন রয়েছে কিনা তার উপর নির্ভর করবে।*

3. MRAP-এ অংশগ্রহণ করার সময়ে আপনার নিরাপদ, স্বাস্থ্যসম্মত, এবং সাশ্রয়ী আবাসন পাওয়ার অধিকার রয়েছে।
4. MRAP সেবা প্রদানকারী কর্তৃক আয়োজিত দোভাষী পরিষেবার মাধ্যমে আপনার পছন্দের ভাষায় MRAP-এর তথ্য ও পরিষেবাসমূহ অ্যাক্সেস করার অধিকার আপনার রয়েছে।
5. প্রয়োজন সাপেক্ষে আপনার অভিবাসন এবং/অথবা অন্যান্য আইনি ব্যাপারে সহায়তার জন্য স্বীকৃতিপ্রাপ্ত আইনি পরিষেবা প্রদানকারীদের কাছে আপনার রেফারাল পাওয়ার অধিকার রয়েছে।
6. আপনি কোন ধরনের এবং কী পরিমাণ MRAP সহায়তা পাবেন তা MRAP সেবা প্রদানকারী কর্তৃক এবং আপনার পরিবারের স্বতন্ত্র পরিস্থিতি এবং আপনার প্রদান করা তথ্যের ভিত্তিতে নির্ধারণ করা হবে।
7. আপনাকে স্বনির্ভর হয়ে উঠতে এবং অর্থনৈতিক নিরাপত্তা অর্জন করতে সাহায্য করবে আপনার এবং আপনার পরিবারের সম্পর্কে এমন গুরুত্বপূর্ণ কাগজপত্র ও তথ্য পাওয়ার ক্ষেত্রে আপনার MRAP সেবা প্রদানকারীর কাছ থেকে সহায়তা পাওয়ার অধিকার রয়েছে।
8. জাতি, বর্ণ, জাতিগত উৎস, অক্ষমতা, বয়স, লিঙ্গ, ধর্ম, রাজনৈতিক বিশ্বাস, লিঙ্গ পরিচয়, ট্রান্সজেন্ডার স্ট্যাটাস, জেন্ডার ডিসফোরিয়া, যৌন অভিমুখীতা, বৈবাহিক অবস্থা, সামরিক বাহিনীর স্ট্যাটাস এবং নাগরিক অধিকার সংক্রান্ত পূর্বের কোনো ক্রিয়াকলাপের জন্য প্রতিহিংসা বা প্রতিশোধ গ্রহণ, ইত্যাদির ভিত্তিতে কোনো বৈষম্যের সম্মুখীন হওয়া ছাড়াই আপনার পরিষেবা পাওয়ার অধিকার রয়েছে।
9. যদি আপনার মনে হয় যে MRAP-এ আপনার সঙ্গে বৈষম্যমূলক আচরণ করা হয়েছে অথবা কোনো ধরনের বৈষম্যের কারণে আপনার কেস যথাযথভাবে ব্যবস্থাপনা করা হয়নি, তাহলে OTDA ব্যুরো অব রিফিউজি সার্ভিসেস (Bureau of Refugee Services)-এর সঙ্গে 518-402-3096 নম্বরে অথবা MRAP@otda.ny.gov ঠিকানায় যোগাযোগ করে সহায়তা চাওয়ার অধিকার আপনার রয়েছে।
10. যেকোনো সময় MRAP-এ আপনার অংশগ্রহণ সমাপ্ত করার অধিকার আপনার রয়েছে। যদি আপনি এই কর্মসূচিতে আপনার অংশগ্রহণের অবসান ঘটান, তাহলে সেই সময়ে সব MRAP পরিষেবা ও আর্থিক সহায়তাও শেষ হয়ে যাবে।

## MRAP-এ অংশগ্রহণকারীর দায়িত্বসমূহ

1. আপনি বুঝতে পেরেছেন যে, স্থানান্তর হওয়ার আগে, যদি আপনি সিদ্ধান্ত নেন যে আপনি আর MRAP-এ অংশগ্রহণ করতে চান না, তাহলে আপনাকে অবশ্যই অবিলম্বে OTDA বা DHS-এর সেবা প্রদানকারীকে অবহিত করতে হবে।
2. **আপনার অভিবাসন সংক্রান্ত কেসের উপর এবং/অথবা অন্যান্য আইনি বিষয়ে স্থানান্তর কী প্রভাব ফেলবে সে সম্পর্কে আলোচনার জন্য, প্রযোজ্য ক্ষেত্রে, আপনি নিজ উদ্যোগে অথবা OTDA বা DHS-এর সেবা প্রদানকারীর কাছ থেকে পাওয়া রেফারালের মাধ্যমে আইনি পরামর্শ গ্রহণ করার জন্য, এবং প্রয়োজন হলে আপনার অভিবাসনগত অবস্থা স্থিতিশীল করার প্রক্রিয়া শুরু করা অথবা অব্যাহত রাখার জন্য আপনি দায়িত্বশীল থাকবেন। আপনার অভিবাসন সংক্রান্ত কেসের উপর অথবা অন্যান্য আইনি বিষয়ে স্থানান্তর যেসব প্রভাব**

**ফেলতে পারে সেগুলো বুঝে নেওয়া আপনার দায়িত্ব। আপনার অভিবাসন সংক্রান্ত কেসকে প্রভাবিত করতে পারে এমন কিছু বিষয়ের মধ্যে ঠিকানা পরিবর্তনের ফরম জমা দিতে ব্যর্থ হওয়া, অথবা আপনার অভিবাসন সংক্রান্ত কেসের শুনানি অনুষ্ঠিত হওয়ার আদালত পরিবর্তনের জন্য অনুরোধ করা অন্তর্ভুক্ত রয়েছে, কিন্তু এগুলোর মধ্যেই সীমাবদ্ধ নয় আপনি বুঝতে পেরেছেন যে আপনার অভিবাসন সংক্রান্ত কেসের উপর স্থানান্তর যেসব প্রভাব ফেলতে সেগুলো বুঝে নেওয়ার জন্য স্থানান্তর হওয়ার আগে আইনি পরামর্শ গ্রহণ করার জন্য জোরালোভাবে পরামর্শ দেওয়া হচ্ছে।** যদি আপনি আইনি পরামর্শ প্রত্যাখ্যান করতে চান, তাহলে OTDA বা DHS-এর সেবা প্রদানকারীকে অবহিত করা আপনার দায়িত্ব।

3. স্থানান্তর হওয়ার পরে, ফেডারেল কর্তৃপক্ষসমূহকে আপনার ঠিকানা পরিবর্তনের ব্যাপারে অবহিত করা আপনার দায়িত্ব, যেসব কর্তৃপক্ষের মধ্যে ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটি, ইমিগ্রেশন এন্ড কাস্টমস এনফোর্সমেন্ট, USCIS, এবং এক্সিকিউটিভ অফিস ফর ইমিগ্রেশন রিভিউ (EOIR) অন্তর্ভুক্ত রয়েছে।
4. স্থানান্তর হওয়ার পরে, প্রয়োজন হলে আপনার অভিবাসনগত অবস্থা স্থিতিশীল করার প্রক্রিয়া শুরু করা অথবা অব্যাহত রাখার দায়িত্ব আপনার।
5. আপনার অভিবাসনগত অবস্থা বজায় রাখা অথবা স্থিতিশীল করার উদ্দেশ্যে, USCIS এবং EOIR-এর সব আবশ্যিকতা, নিয়ম ও নির্দেশনা মেনে চলা, এবং প্রয়োজন হলে সব আবশ্যক ফরম জমা দেওয়া এবং সব অ্যাপয়েন্টমেন্ট ও শুনানিতে উপস্থিত থাকা আপনার দায়িত্ব।
6. আপনি বুঝতে পেরেছেন যে MRAP পরিষেবাসমূহ এবং আর্থিক সহায়তা 12 মাস পরে শেষ হয়ে যাবে, যদি না কোনো ব্যতিক্রম ঘটে, এবং 12 মাস পরে MRAP-এর তরফ থেকে সহায়তা ছাড়া নিজেদের চাহিদাগুলো পূরণ করার জন্য আপনার পরিবারের একটি পরিকল্পনা থাকতে হবে।
7. MRAP পরিষেবাসমূহ এবং সহায়তার জন্য তালিকাভুক্ত হওয়া এবং সেগুলো পাওয়ার জন্য নির্দিষ্ট কিছু বিষয়ের প্রমাণ প্রদান করা আপনার দায়িত্ব। আপনার প্রদান করা তথ্য ও কাগজপত্র অবশ্যই সত্য ও নির্ভুল হতে হবে। MRAP সেবা প্রদানকারী এবং/অথবা অন্যান্য সরকারি বেনিফিট ইস্যুকারী সংস্থা আপনার কাছে নিম্নলিখিত প্রমাণ চাইতে পারে:
   - পরিচয়
   - বয়স
   - ঠিকানা
   - বসবাসের ব্যবস্থা
   - আশ্রয়/ভাড়ার খরচ
   - সোশ্যাল সিকিউরিটি নম্বর
   - নাগরিকত্ব বা অভিবাসনগত অবস্থা
   - উপার্জিত আয়
   - অনুপার্জিত আয়
   - আর্থিক বা অন্যান্য সংস্থানসমূহ
   - স্কুলের শিক্ষার্থীদের জন্য স্কুলে উপস্থিতির হার
   - স্বাস্থ্য বিমা
   - অপরিশোধিত ভাড়া বা ইউটিলিটি
   - পরিশোধিত বা অপরিশোধিত মেডিকেল বিল
   - আপনি মাদক/অ্যালকোহলের উপর নির্ভরশীল কিনা
   - প্রতিবন্ধীত্ব, অক্ষমতা, বা গর্ভাবস্থা
   - অন্যান্য ব্যয়/সন্তান অথবা অন্য নির্ভরশীলদের সেবা
8. চাহিদা, আয়, কর্মসংস্থান, স্বাস্থ্য বিমা, পারিবারিক কাঠামো, বসবাসের ব্যবস্থা, ঠিকানা, অভিবাসনগত অবস্থা, স্বাস্থ্যের অবস্থা অথবা অন্যান্য পরিস্থিতির পরিবর্তন সম্পর্কে যথাশীঘ্র সম্ভব MRAP সেবা প্রদানকারীর কাছে রিপোর্ট করা আপনার দায়িত্ব।
9. MRAP সেবা প্রদানকারীর সঙ্গে নির্ধারিত সব অ্যাপয়েন্টমেন্টে উপস্থিত থাকা এবং/অথবা সেগুলোর সময় পুনঃনির্ধারণ করা এবং MRAP সেবা প্রদানকারীর তরফ থেকে সব প্রশ্ন ও যোগাযোগের ক্ষেত্রে সময়মত সাড়াদান করা আপনার দায়িত্ব।
10. MRAP সেবা প্রদানকারীর নির্দেশনা অনুযায়ী, আপনাকে চাকরি পেতে এবং ধরে রাখতে সাহায্য করবে এমন ক্রিয়াকলাপে অংশ নেওয়া আপনার দায়িত্ব।
11. যদি আপনি অথবা আপনার পরিবারের কোনো প্রাপ্তবয়স্ক ব্যক্তি এখনো যুক্তরাষ্ট্রে কাজ করার জন্য অনুমতি না পেয়ে থাকেন, তাহলে আপনাকে অবশ্যই কাজের অনুমোদন পেতে আবেদন করার জন্য প্রয়োজনীয় সব ধাপে এই সেবা প্রদানকারী এবং/অথবা একটি আইনি সেবা প্রদানকারীর সঙ্গে সহযোগিতা করতে হবে।
12. যদি আপনি কাজ করার জন্য অনুমতি পান এবং কাজ করতে সক্ষম হন, তাহলে আপনার সক্ষমতা অনুযায়ী কোনো আইনসম্মত চাকরি পাওয়ার জন্য MRAP সেবা প্রদানকারীর সঙ্গে কাজ করা আপনার জন্য আবশ্যক।
13. যদি আপনি কাজ করার জন্য অনুমতি পান এবং কাজ করতে সক্ষম হন, তাহলে আপনি একটি আইনসম্মত ও উপযুক্ত চাকরি পাওয়ার পর, আপনার পরিবারের আবাসন ও পারিবারিক ব্যয় বহনে অবদান রাখা আপনার দায়িত্ব। আপনার আয় ও ব্যয়ের উপর নির্ভর করে প্রতি 90 দিন অন্তর আপনার অবদানের পরিমাণ পুনর্মূল্যায়ন করা হবে।
14. আপনার অ্যাপার্টমেন্টের লিজ স্বাক্ষর করার জন্য দায়িত্ব আপনার হতে পারে এবং সেই লিজের মেয়াদকালের জন্য আপনি দায়িত্বশীল থাকবেন, যার মধ্যে লিজের মেয়াদকাল পর্যন্ত আর্থিক দায়িত্ব বহন করা অন্তর্ভুক্ত রয়েছে।
15. MRAP-তে অংশগ্রহণ করাকালীন সময়ে, MRAP সেবা প্রদানকারীর সঙ্গে সমন্বয় ব্যতীত প্রদত্ত আবাসন ছেড়ে অন্যত্র চলে যাওয়ার ফলে এই কর্মসূচিতে আপনার অংশগ্রহণ বাতিল হয়ে যেতে পারে, যার মধ্যে লিজের অবশিষ্ট মাসগুলোর অর্থ পরিশোধের ক্ষেত্রে সাহায্য করার জন্য প্রদত্ত আর্থিক সহায়তা বন্ধ হয়ে যাওয়া অন্তর্ভুক্ত রয়েছে।